আমাদের কথা
AMADER KOTHA
WORKER HELPLINE

আওয়ার ভয়েস

আমাদের কথা নিউজলেটার

ভলিউম ৪, নম্বর ২ | দ্বিতীয় ত্রৈমাসিক ২০১৭

দ্বিতীয় ত্রৈমাসিক হেল্পলাইন শিরোনাম

জুন ২০১৭ এর শেষ নাগাদ পর্যন্ত আমাদের কথা হেল্পলাইন ব্যবহারের সুবিধা পৌঁছেছে ৯০০ টি কারখানার ১,৩০৯,২৬১ জন শ্রমিকের নিকট । এ বছরের দ্বিতীয় তিন মাসে, ১,৪২৯টি বাস্তবভিত্তিক সমস্যা নিয়ে অ্যালায়েন্স কারখানার শ্রমিকরা হেল্পলাইনে ফোন দিয়েছে যার ভেতর ৪৪৯টি ফোন ছিলো নিরাপত্তা সংক্রান্ত । সারা দেশ জুড়ে সহজলভ্য টোল ফ্রি নম্বরে কল প্রদানকারী শ্রমিকের সংখ্যা বৃদ্ধি অব্যাহত রয়েছে, এবং ইন্টারেকটিভ ভয়েস রেসপন্স) আইভিআর (এবং হেল্পলাইন কলারদের ভেতর পরিচালিত জরিপ অনুযায়ী শ্রমিকরা হেল্পলাইন ব্যবহারে অত্যন্ত সন্তুষ্ট ।
সব সময়ের মতই, আপনারা আপনাদের ভাবনা এবং পরামর্শ জানাতে পারেন এই ঠিকানায় workerhelpline@afbws.org

হেল্পলাইনে রিপোর্টকৃত বাস্তবভিত্তিক ইস্যু



শুধুমাত্র অ্যালায়েন্স কারখানাগুলোতে সংঘটিত সমস্যাগুলো দেখানো হলো

ফোকাসে হেল্পলাইন:

হেল্পলাইন থেকে আমরা কি আশা করেতে পারি

শ্রমিক হেল্পলাইনে দেয়া ফোনে সাধারণত শ্রমিকদের বিদ্যমান এবং সুবিদিত উদ্বেগগুলোর প্রতিফলন ঘটে । যেমন নিরাপত্তা ,ন্যায্য ক্ষতিপুরণ ,অথবা হয়রানিমূলক সমস্যা । যার কারণে , হেল্পলাইনকে অনেক সময় শ্রমিকদের উদ্বেগের ব্যারোমিটার হিসেবে দেখা হয় ।

প্রত্যাশিত

উদাহরণ হিসেবে বলা যায় ,২০১৫ সালের এপ্রিলে যখন বাংলাদেশে ভূমিকম্প আঘাত করেছিলো ,তখন আমাদের কথা হেল্পলাইনে অজস্র ফোন কল এসেছিলো) একদিনেই ২৬টি কারখানা থেকে ৮১টি কল এসেছিলো (যা মূলত নিরাপত্তা নিয়ে শ্রমিকদের ব্যাপক উদ্বিগ্নতারই প্রতিফলন । যখন ২০১৬ সালের শরৎ কালে সারা বাংলাদেশ জুড়ে আরএমজি সেক্টরে শ্রমিক অসোন্তষ শুরু হয়ে গেলো তখন এক ডজনেরও বেশি শ্রমিক মাত্র এক সপ্তাহে তাদের শ্রম-সংক্রান্ত সমস্যা বিষয়ক রিপোর্ট করেছে হেল্প লাইনে । ২০১৭ সালের দ্বিতীয় প্রান্তিকে ,সাইক্লোন মোরার প্রবল বাতাস এবং বৃষ্টিপাতের কারণে ক্ষতিগ্রস্ত হয় উপকূলবর্তী অঞ্চলসমূহ ,তখন ৩০টি কারখানার ৬৬ জন শ্রমিক তাদের নিরাপত্তা এবং তাদের পরিবারের নিরাপত্তায় উদ্বিগ্ন হয়ে হেল্পলাইনে রিপোর্ট করেন ।

এই সমস্ত কলসমূহ প্রত্যাশিত বিদ্যমান পরিস্থিতির প্রতিফলন ,এবং এটি প্রতিনিধিত্ব করে উদ্বেগসমূহ রিপোর্ট করার একটি কার্যকর

এবং খুব-বেশি-প্রত্যাশিত নয়

হেল্পলাইনের আরেকটি গুরুত্বপূর্ণ আবশ্যকতা যে শুধুমাত্র প্রত্যাশিত কলের কারণেই তা নয়, এটি আরেকটি প্রয়োজনীয়তাও রয়েছে: কিছু সমস্যা রিপোর্ট করা হয়ে থাকে যা হয়ত সর্বজনবিদিত নয়, তেমন একটা আলোচিত নয় কিংবা হয়ত তথ্যসমৃদ্ধ নয়, কিন্তু শ্রমিকদের জন্য যথেষ্ট ক্ষতির কারণ হতে পারে ।

শেষ পৃষ্ঠায় দেখুন

দ্বিতীয় ত্রেমাসিক ২০১৭ এর প্রাপ্ত তথ্য

অনুসন্ধানে প্রাপ্ত গুরুত্বপূর্ণ তথ্য

- এপ্রিল থেকে জুন এই তিন মাসে আমাদের কথায় মোট ফোন এসেছে ১৭,৭৩৯ টি । এ যাবত পর্যন্ত মোট ফোন এসেছে ১৪৪,৭১২ টি।

- এই ত্রৈমাসিকে সবচেয়ে বেশি কল এসেছে সকাল ১১টা থেকে বিকেল ৪টা পর্যন্ত ,যা গত তিন মাসের প্রবনতার সঙ্গে সঙ্গতিপূর্ণ এবং প্রচুর পরিমান টেস্ট কল আসার কারণ হলো রিফ্রেশার প্রশিক্ষণ ।

- এই ত্রৈমাসিকে আমাদের কথায় মোট বাস্তবভিত্তিক কল এসেছে ৪৪৯টি । তার ভেতর জরুরি হলো ৬৭টি এবং অ-জরুরি হলো ৩৮২টি । নিরাপত্তা বিষয়ক সবচেয়ে বেশি যে বিষয়ে রিপোর্ট হয়েছে তা হলো আগুন এবং বিপজ্জনক আগুন) প্রাথমিকভাবে যেগুলো কারখানার বাইরে সংগঠিত হয়েছিলো; অপর্যাপ্ত সুবিধাদি; পেশাগত স্বাস্থ্য ঝুঁকি ।

- মিসড কল অথবা টেস্ট কল ব্যতীত এই মাসের মোট কলের ২৯% ছিলো সাধারণ অনুসন্ধানমূলক কল । অনুসন্ধানমূলক কলের অধিকাংশই ছিলে হেল্পলাইন সহায়তার সক্ষমতা এবং শ্রম আইন সংক্রান্ত ।

- এই তিন মাসে অ্যালায়েন্স কারখানার শ্রমিকদের নিকট থেকে আমাদের কথা হেল্পলাইনে মোট বাস্তবভিত্তিক ফোন এসেছে ১,৪২৯টি । রিপোর্টকৃত ইস্যুগুলোর বেশিরভাগই ছিলো ক্ষতিপূরণ , কারখানার বাইরে অগ্নিকান্ড এবং মৌখিক নির্যাতন সংক্রান্ত ।











দ্বিতীয় ত্রৈমাসিক২০১৭ এর গুরুত্বপূর্ণ তথ্য

অনুসন্ধানে প্রাপ্ত গুরুত্বপূর্ণ তথ্য

- এই তিন মাসে অ্যালায়েন্স কারখানার শ্রমিক কর্তৃক রিপোর্টকৃত বাস্তবভিতিতক ইস্যুর ৬১ % সমাধান হয়েছে । যে সমস্যাগুলোর সমাধান হয়নি সেগুলোর কারণ হলো শ্রমিকরা সমাধানে সহায়তা চায়নি অথবা সমস্যাটি সমাধানের জন্য উক্ত শ্রমিকদের সঙ্গে হেল্পলাইন স্টাফরা অথবা অ্যালায়েন্স স্টাফরা পুনরায় যোগাযোগ করতে সক্ষম হননি ।

- ৯২ %শ্রমিক ,যারা এই ত্রৈমাসিকে বাস্তবভিত্তিক সমস্যা নিয়ে হেল্পলাইনে রিপোর্ট করেছিলেন তারা হেল্পলাইনে তাদের নাম পরিচয় প্রকাশে ইচ্ছুক এবং ৮৫ %শ্রমিক তাদের কারখানায় নাম প্রকাশ ইচ্ছুক ছিলেন ।

- হেল্পলাইন প্রশিক্ষণ প্রাপ্ত ৯০০টি কারখানার ভেতর মোট ৫৭৫টি কারখানার শ্রমিক (৬৪%) ২০১৭ সালের এপ্রিল এবং জুন পর্যন্ত আমাদের কথা হেল্পলাইনে ফোন প্রদান করেছে । হেল্পলাইন চালু হওয়া ৩৫৪টি কারখানার (৩৯%)শ্রমিক এই তিন মাসে বাস্তবভিত্তিক বিষয়ে রিপোর্ট করেছে ।

- এই ত্রৈমাসিকে অ্যালায়েন্স-বহির্ভূত ১৩৭টি কারখানা থেকে হেল্পলাইনে ফোন এসেছে । বেশিরভাগ ফোনই ক্ষতিপূরণ এবং চাকুরিচ্যুতকরণ সংক্রান্ত ।

- এই ত্রৈমাসিকে অ্যালায়েন্স কারখানার শ্রমিকদের নিকট থেকে আসা সমস্ত রিপোর্টের ৯৭ %সমস্যার সমাধান মার্চের শেষ নাগাদ সম্পন্ন করা হয়েছে । অবশিষ্ট অ-সমাধানকৃত ইস্যু সমাধানের জন্য অ্যালায়েন্স প্রোটোকল অনুসারের প্রক্রিয়াধীন রয়েছে ।

নোট:

শ্রমিকদের দেয়া তথ্য কারখানাগুলো কর্তৃক যাচাই শেষে অ্যালায়েন্সকে কলের উপাত্ত সরবরাহ করা হয়ে থাকে যেন অ্যালায়েন্স সদস্য কোম্পানিদের সেই উপাত্ত সমূহ বিতরণ করতে পারে ।

কল প্রদানকারী অ্যালায়েন্স কারখানা -মাসিক



সমস্যা সমাধান: এপ্রিল-জুন



ব্যক্তিগত তথ্য প্রদানে ইচ্ছুক -এপ্রিল-জুন

কলার প্রোফাইল:এপ্রিল-জুন



আজ পর্যন্ত অগ্রগতি (জুলাই ২০১৪ থেকে)

মোট কল	বাস্তবাভিত্তিক ইস্যু	হেল্পলাইন চালু কারখানা
# কল গ্রহন:১৪৪,৭১২	অ্যালায়েন্স কারখানা:১১,১৯১	# শ্রমিক:১,৩০৯,২৬১
# কল প্রদান:৬৫,২০২	অ্যালায়েন্স-বহির্ভূত কারখানা:১,২৯৬	# কারখানা:৯০০

নোট:

- গ্রাফে ভুয়া এবং "নো ক্যাটেগরি" কল উল্লেখ নেই,শুধুমাত্র কল গ্রহন এবং দিনের বেলা কল গ্রহনের সংখ্যা ব্যাতীত ।
- অ্যালায়েন্স বহির্ভূত কারখানা থেকে কল গৃহীত হয়েছে । যেমন এই তিন মাসে ১৩৭টি কারখানা থেকে ফোন এসেছে যেগুলো অ্যালায়েন্স তালিকাভুক্ত নয় । এই সমস্ত কল উপরোক্ত গ্রাফের কল প্রদানের সময়ের গ্রাফ,কারখানা গ্রাফ এবং কল ভলিউম গ্রাফের অন্তর্ভুক্ত করা হয়েছে ।
- প্রতি মাসে বাস্তবভিত্তিক কলের সংখ্যা নিউজলেটার ইতিহাসের সঙ্গে নাও মিলতে পারে । কেননা সমস্যার শ্রেনী বিন্যস্তকরণ সময়ের সাথে সাথে পরিবর্তিত হয়েছে ।
- হেল্পলাইন চালু হওয়া কারখানারগুলোর #শ্রমিক এবং #কারখানা বিষয়ক তথ্য অ্যালায়েন্স কতৃক প্রদেয় ।

আমরা কে?

আওয়ার ভয়েস অথবা বাংলায় আমাদের কথা তিনটি সহযোগী প্রজেক্ট পার্টনারের এক চমৎকার অংশিদ্বারিত্ব – ক্লিয়ার ভয়েস, কান গ্রুপের)**Chan Group)** একটি প্রজেক্ট যা হটলাইন পরিচালনা করে থাকে এবং সরবরাহকারিদের ভেতর বিবাদ মিমাংসার কৌশল গঠন করে থাকে; ফুলকি, একটি সম্মানিত সুশিল সমাজ সংগঠন যা বাংলাদেশের শ্রমিক এবং শ্রমিকদের পরিবারের জীবনমান উন্নয়নে কাজ করে থাকে; এবং গুড ওয়ার্ল্ড সলুশনস)জিডব্লিউএস(, একটি অলাভজনক সংগঠন যা গুরুত্বপূর্ণ হাতিয়ার – লেবার লিংক -যা ১০০,০০০ জন শ্রমিকের কাছে পৌঁছে গেছে । প্রত্যেকটি অংশিদারই তাদের বহু বছরের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে একটি নতুন, সর্বচ্চো মান সম্পন্ন কারখানাগুলোর জন্য লেবার কম্প্লায়েন্স প্রোগ্রাম গঠন করেছে ।

হেল্পলাইন ফোকাস

প্রথম পৃষ্টার পর থেকে

২০১৭ সালের দ্বিতীয় ত্রৈমাসিকে প্রায় ১২টিওর বেশি, বন্ধ অথবা তালাবদ্ধ বহির্গমন পথ বিষয়ক সমস্যার কথা শ্রমিকরা হেল্পলাইনে রিপোর্ট করেছে । এই ধরনের সমস্যা যতক্ষন না বড় ধরণের বিপর্যয়ের সৃষ্টি না করে ততক্ষন পর্যন্ত বড় সমস্যা হিসেবে চিহ্নিত হয় না । কিছু কিছু ক্ষেত্রে, রিপোর্টকৃত এই ধরণের সমস্যা ম্যানেজমেন্ট খুব দ্রুত সমাধান করে ফেলেন । আবার কিছু ক্ষেত্রে, শ্রমিকরা তাদের ফোনে এগুলোর ছবি তুলে রাখেন তাদের ঝুঁকির প্রকৃতি এবং মাত্রা বোঝানোর জন্য । সবক্ষেত্রেই, দ্রুত এবং নিরাপদে শ্রমিকদের ভবন ত্যাগ করা যে অত্যন্ত জরুরি তা এখন প্রমানিত ।

একইভাবে, নিম্নমানের খাবার পানির সমস্যা সবসময় সময়মত ম্যানেজমেন্ট অথবা সংশ্লিষ্ট ব্র্যান্ডের নজরে আসেনা । ২০১৭ সালের দ্বিতীয় ত্রৈমাসিকে নিম্নমানের খাবার পানির কারনে শ্রমিকরা অসুস্থ্য হয়ে পড়েছে এমন অনেকগুলো ঘটনা ঘটেছে । এবং কিছু কিছু ক্ষেত্রে, কারখানার ফ্লোরগুলোতে খাবার পানির অভাবের কারণে ডিহাইড্রেশন হবার ঝুঁকি থাকে । এই সব সমস্যা এ যাবত পর্যন্ত সন্তোষজনকভাবে ম্যানেজমেন্ট এবং শ্রমিকদের কথা অনুসারে সমাধান হয়েছে এবং কেসগুলো সমাপ্ত হয়েছে ।

আমরা কি শিখলাম

আমাদের কথায় কল দেয়া (অথবা অন্য যে কোনো হেল্পলাইনে) শ্রমিকদের সর্বজনবিদিত উদ্বেগগুলোর প্রতিফলন আশা করা যেতেই পারে । সেই সঙ্গে একটি ভালো কার্যকরি হেল্পলাইন শ্রমিকদের জন্য তাৎতক্ষনিক, এবং সবসময় চোখে পড়েনা অথচ, যেগুলো নিরাপত্তার জন্য এবং কর্মক্ষেত্রের জন্য ভয়াভয় হুমকি হয়ে ওঠে এমন বিষয়গুলো রিপোর্ট করার সুযোগ সৃষ্টি করে ।

আমরা আশা করবো, আপনারা এই ত্রৈমাসিকের ফলাফল এবং বিশ্লেষণ পর্যালোচনা করে লাভবান হয়েছেন, এবং আপনার মতামতকে আমরা স্বাগত জানাই ।

ডাগ চ্যান, আমাদের কথা প্রজেক্ট ডিরেক্টর

আমাদের কথা বিষয়ক তথ্য কারখানায় প্রচার করা হচ্ছে

অভিনয় এবং হেল্পলাইন নম্বর সম্বলিত কার্ড দিয়ে শ্রমিকদের দেখানো হচ্ছে কিভাবে আমাদের কথা হেল্পলাইন ব্যবহার করতে হয়

বিটিআই সেলিব্রেশন পয়েন্ট, প্লট ৩এবং ৫, রোড নম্বর ১১৩/এ,
গুলশান ২, ঢাকা ১২১২, বাংলাদেশ
WorkerHelpline@afbws.org